# উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : অমিত রায়
উপজেলা নির্বাহী অফিসার,
ও
প্রশাসক,
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা,
হাকিমপুর, দিনাজপুর

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ,
হাকিমপুর, দিনাজপুর।

তারিখ : ২৬/১২/২০২৪ খ্রিঃ সময়ঃ বেলা ১১.০০টায়

**উপস্থিত সদস্যগণের স্বাক্ষর পরিশিষ্ট "ক"তে, এবং অনুপস্থিত সদস্যগণের নাম পরিশিষ্ট "খ" তে, দেখানো হলো।**

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব অমিত রায়, উপজেলা নির্বাহী অফিসার, ও প্রশাসক, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর। সভার শুরুতে সভাপতি মহোদয় স্বাগত বক্তব্য দিয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২৪ মাসের মাসিক সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি সভার পরবর্তী কার্যক্রম আলোচ্যসূচী অনুযায়ী উপস্থাপন করেন। প্রশাসক গত মাসের কার্যবিবরণী পাঠ করে শোনান। সভায় আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অন্যান্য আলোচ্য বিষয়ের উপর বিস্তারিত আলোচনার পর সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্য বিষয় :

১. বিগত মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২. বিবিধ

**আলোচনা ও সিদ্ধান্ত :**

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | **স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস** | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বর্তমানে হাকিমপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মাত্র ০৩ (তিন) জন ডাক্তার কর্মরত আছে। ডাক্তার স্বল্পতার কারণে রোগিদের সেবা প্রদানে কিছুটা বিঘ্ন হচ্ছে। বর্তমানে উপজলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগী ভর্তির হার অন্যান্য সময়ের তুলনায় অনেক বেশি।<br>তিনি আরও জানান যে, হাকিপুর পৌরসভার সাহায্যে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এর ময়লা পরিস্কার পরিচ্ছন্নতার করায় প্রশাসক, হাকিমপুর পৌরসভা এবং উপজেলা প্রশাসনকে ধন্যবাদ জানান। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর সরকারি বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা হাকিমপুরকে অনুরোধ করা হলো। | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা** |
| ২. | **উপজেলা কৃষি অফিস** | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে রবি মৌসুমে বোরো আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৭৫৯৫ হেক্টর । বর্তমানে বোরো বীজতলা রয়েছে ৩৩৫ হেক্টর জমিতে, সরিষার রয়েছে ২৬২৬ হেক্টর, আলু রয়েছে ১৬৩০ হেক্টর এবং শীতকালীন সবজি ২২৮ হেক্টর জমিতে বিদ্যমান রয়েছে। এছাড়াও উপজেলা কৃষি অফিসের দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর সরকারি বিধি মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার |
| ৩. | **উপজেলা প্রাণিসম্পদ অফিস** | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, আগামী মার্চ ও এপ্রিল মাসে গবাদিপশুর লাম্ফিস্কিন ডিজিজ (এল এস ডি) রোগের প্রর্দুভাব বেড়ে যায়। তাই এই রোগের টিকা প্রয়োগের জন্য সকলের সহযোগিতা কামনা করেন এবং ২০২৪-২৫ অর্থ বছরে চলতি বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় (এডিপি) অর্থ হতে লাম্ফিস্কিন ডিজিজ (এল এস ডি) রোগের টিকা ক্রয়ের জন্য সভায় অনুরোধ করেন।<br>তিনি আরও জানান যে, উপজেলা প্রাণিসম্পদ অফিস হতে গতমাসে প্রায় ২৬৫৬ টি গবাদি পশুর বিভিন্ন রোগের চিকিৎসা প্রদান করা হয়েছে। ১৬০টি গবাদি গরুকে ক্ষুরা রোগের টিকা প্রদান করা হয়। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনার পর সরকারি বিধি মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | হাকিমপুর থানা সংক্রান্ত | অফিসার ইন-চার্জ এর প্রতিনিধি হাকিমপুর থানা সভায় জানান যে, হাকিমপুর উপজেলায় সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য অফিসার ইনচার্জ-, হাকিমপুর থানাকে অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ-, হাকিমপুর |
| ৫. | মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর/বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হচ্ছে না। | **সিদ্ধান্ত:** আগামী জানুয়ারি ২০২৫ মাসের মাসিক সভায় উপস্থিত হয়ে তাঁর বিভাগ/দপ্তর সম্পর্কে আলোচনা করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬. | উপজেলা সমাজ সেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক বিধবা এবং প্রতিবন্ধি ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন এর কাজ শেষ হয়েছে। প্রতিবন্ধি ভাতাভোগীদের যাচাই বাছাই শেষ এবং সুবর্ন নাগরিক কার্ড প্রদানের জন্য সকল কার্যক্রম ইতোমধ্যে সমাপ্ত হেয়েছে।<br>তিনি আরও জানান যে, ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোক প্যারালাইজ, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ার আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তার জন্য এ উপজেলায় সর্বমোট ৬৩টি আবেদন পত্র জমা হয়েছে। উক্ত আবেদন যাচাই বাছাই শেষে দেখা যায় আবেদন কারীদের মধ্যে ০৩ জন রোগী মারা গেছে। বাকী ৬০ জনের আবেদনের মধ্যে ৪৩ জনের বৈধ/সঠিক কাগজ পত্র পাওয়ায় তাদের আবেদনগুলো জেলা সমাজসেবা অফিসে প্রেরণ করা হয়েছে। বাকী ১৭ জন আবেদনকারীদেরকে একাধিক বার ফোন করার পরেও বৈধ/সঠিক কাগজপত্র জমা না দেওয়ায় তা উপজেলা সমাজসেবা অফিসে বর্তমানে জমা আছে বলে সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ৭. | উপজেলা প্রকৌশলী | উপজেলা প্রকৌশলী, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে হাকিমপুর উপজেলায় ০৫টি রাস্তার কাজ চলমান রয়েছে রাস্তাগুলো হচ্ছে :-<br>১. বাঁশমুড়ী হাট পালশা-ইউপি ঘোড়াঘাট ভায়া বাওনা এবং রিকাবী রোড (চে: ২৪০০-২৪৮০০ এবং ২৯৫০-৪০০মি:)<br>২. কাঁকড়াপালী হতে ষষ্টিপাড়া (নবাবগঞ্জ বর্ডার) রোড (চে: ০০- ১৩৫০মি:)<br>৩। উপজেলা হেড কোয়ার্টার হতে দলারদর্গা শুরু হাকিমপুর চারমাথা পর্যন্ত (চে: ২৭০০-৬৯০০ মি:)<br>৪। রাউতাড়া এফআরবি- হাতিশৌ সড়ক উন্নয় (চে: ৬৫০-১৬৬৪০ মি:)<br>৫. হাকিমপুর থেকে ফুলবাড়ি হতে বিশাপাড়া বটতলী বাজর রাস্তার (চে: ০০-৫৭০ মি:) কাজ চলমান রয়েছে মর্মে তথ্য পাওয়া যায়।<br>তিনি আরও জানান যে, হাকিমপুর উপজেলায় এ পর্যন্ত দুটো প্রকল্পের কাজ শুরু হয় নাই সে গুলো হচ্ছে নিম্ন রুপ :-<br>১. খাট্টাউছনা (বালিকা পাথার) দুমকুড়ি পাড় রোড (চে: ০০-১৫০০ মি:) ।<br>২. নবাবগঞ্জ বর্ডার-খাট্টাউছনা (চে: ০০-৩০০ মি:) রোড এ কাজ শুরু হয় নাই মর্মে তথ্য পাওয়া যায়। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম গুনগতমান বজায়রেখে পরিচালনা করার জন্য উপজেলা প্রকৌশলী হাকিমপুর, দিনাজপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী |
| ৮. | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় সভায় জানান যে, সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় শীতকালীন বন্ধ শেষে আগামী ২৯/১২/২০২৪ খ্রি: তারিখে খুলবে। আগামী ৩০/১২/২০২৪ খ্রি: হতে ০৫/০১/২০২৫ খ্রি: তারিখ পর্যন্ত "তারুন্যের উৎসব" নামে সপ্তাহব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। ইহাছাড়াও পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হবে। তবে জুলাই ও আগস্ট-২০২৪ বিপ্লব এর উপর ভিত্তিকরে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পালন করা হবে। ২০২৫ সালের শিক্ষা বর্ষের বিনামুল্যে পাঠ্যপুস্তক অদ্য | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার এই সকল কার্যক্রম পরিদর্শন করবেন ও উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মর্মে তিনি সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | | |
| ৯. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস** | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলার মাধ্যমিক বিদ্যালয় এবং দাখিল মাদ্রাসা আগামী ২৯/১২/২০২৪ খ্রি: তারিখে খুলবে এবং মাধ্যমিক স্তরের বার্ষিক পরীক্ষার ফলাফল আগামী ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে প্রকাশ করা হবে। আগামী ২০২৫ সালের শিক্ষা বর্ষের বিনামুল্যে পাঠ্যপুস্তক অদ্য ২৬/১২/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত হাকিমপুর উপজেলায় আসেনাই। তবে আশা করা হচ্ছে আগামী সপ্তাহে মাধ্যমিক স্তরের বাংলা, ইংরেজি এবং গনিত বই আসবে। ৫৩ তম শীতকালীন খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫ এর সাথে সমন্বয় করে তারুণ্যের উৎসবের উপজেলা পর্যায়ের খেলাধুলা করার জন্য সভায় আলোচনা করা হয়। | **সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য এবং ৫৩ তম শীতকালীন খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫ এর সাথে সমন্বয় করে তারুণ্যের উৎসবের উপজেলা পর্যায়ে খেলাধুলা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০. | **উপজেলা মহিলা বিষয়ক অফিস** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ২০২৩-২০২৪ চক্রের ভিডাব্লিউবি কার্যক্রমের আওতায় ডিসেম্বর ২০২৪ মাসের ভাতাভোগীদের মাঝে চাল বিতরণ করা হয়েছে। মা ও শিশু সহায়তা কার্যক্রমের আওতায় ভাতাভোগী নির্বাচনের কাজ এবং এ উপজেলার কিশোর কিশোরী ক্লাব এর কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১. | **উপজেলা যুব উন্নয়ন অফিস** | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর/বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হচ্ছে না। | **সিদ্ধান্ত:** আগামী জানুয়ারি ২০২৫ মাসের মাসিক সভায় উপস্থিত হয়ে তাঁর বিভাগ/দপ্তর সম্পর্কে আলোচনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, হাকিমপুর উপজেলায় এই পর্যন্ত প্রাপ্ত সকল কম্বল বিতরণ করা হয়েছে। তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো । | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৩. | **উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) অফিস** | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, সমগ্র বাংলাদেশে নিরাপদ পানি সরবরাহের ন্যায় হাকিমপুর উপজেলায় ২০২৩-২০২৪ অর্থ বছরে মোট ৭৮ টি সাবমারসিবল বসানোর কাজ শেষ হয়েছে।<br>তিনি আরও জানান যে, যে সমস্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে তা ৩১ ডিসেম্বর ২০২৪ মাসের মধ্যে হস্তান্তরিত করা হবে এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রাপ্ত টিউবওয়েল এর সংখ্যা মোট ৩৬টি যার মধ্যে ১২টি অগভীর সাবমারসিবল পাম্প পাওয়া গেছে।<br>তিনি আরও জানান যে, হাকিমপুর পৌরসভায় ৩২ প্রকল্পের আওতায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহের কাজ চলমান রয়েছে। যা গত ২৩/১২/২০২৪ খ্রি: তারিখে শুভ উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, হাকিমপুর পৌরসভা, দিনাজপুর। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য এবং একই সাথে পাইপ লাইন মেরামত দ্রুততর করার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ করা হলো | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৪. | **উপজেলা সমবায় অফিস** | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলার ৫৫টি সমিতির অডিটসহ অন্যান্য সকল কার্যক্রম ইতোপূর্বে সম্পন্ন করা শেষে সরকারী রাজস্ব আদায়ের জন্য ভ্যাট এবং আইটি গ্রহণের সকল কার্যক্রম চলমান রয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫. | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ এবং আদায়ের সকল কার্যক্রম চলমান রয়েছে। তবে চলতি ডিসেম্বর ২০২৪ মাসে ঋণ আদায়ের হার প্রায় ৮৯% | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। এছাড়া | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বকেয়া আছে তা আগামী মাসিক সভায় প্রতিবেদন আকারে উপস্থাপনের সিদ্ধান্ত হয়। | |
| ১৬ | উপজেলা বন অফিস | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭. | উপজেলা খাদ্য অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর প্রতিনিধি হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, এ উপজেলায় চলতি আমন মৌসুমে সিদ্ধ চাল ১৩৭ মে: টন এর বরাদ্দ পাওয়াগেছে। এর মধ্যে ৩৯ মে: টন সিদ্ধ চাল সংগ্রহ করা হয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হলো এবং অবশিষ্ট বরাদ্দ সঠিকভাবে সংগ্রহ করার নির্দেশনা দেওয়া হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৮. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, হাকিমপুর উপজেলায় মোট সক্ষম দম্পতির সংখ্যা প্রায় ২২,১৪৭ জন, এর মধ্যে পদ্ধতি গ্রহণ করেছেন প্রায় ১৮,৩৪২ জন বলে সভায় অবহিত করেন। ইহাছাড়াও ১নং খট্টামাধবপাড়া ইউনিয়নের দাঈ নাস এর সম্মানী ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো এবং উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ (অডিট আপত্তি) নীতিমালা/আইন অনুযায়ী দাঈ নাস এর সম্মানী ভাতা প্রদানের কোন সুযোগ না থাকায় উক্ত দাই নার্স এর সম্মানী ভাতা না দেওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৯. | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন কর্মকর্তা হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, আগামী ০২ জানুয়ারি ২০২৫ তারিখে খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হবে। তবে বর্তমানে ভোটার আইডি সংশোধন, স্থানান্তরসহ অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে।<br>তিনি আরও জানান যে, নতুন ভোটার হওয়ার জন্য নাগরিকত্ব সনদ, জন্ম নিবন্ধন, প্রত্যয়ন পত্র ও এবং উক্ত নতুন ভোটারের যাচাই বাছাইকারীর স্বাক্ষর ও তাঁর জাতীয় পরিচয় পত্রের নম্বরসহ প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্র দিতে হবে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| ২০. | উপজেলা আনসার ভিডিপি অফিস | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তার সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনার পর চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |
| ২১. | উপজেলা আইসিটি কর্মকর্তা | আইসিটি কর্মকর্তা হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, এ উপজেলার সকল কর্মকর্তার/কর্মচারীদের তথ্য ওয়েবসাইটে হালনাগাদ আছে। তাঁর অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনার পর চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা আইসিটি কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | আইসিটি কর্মকর্তা হাকিমপুর |
| ২২. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর ঋণ আদায় সন্তোষ জনক। চলতি ডিসেম্বর ২০২৪ মাসে ঋণ আদায়ের পরিমান প্রায় ৬৪,৫৫,০০০/- টাকা এবং ডিসেম্বর ২০২৪ মাসে ১৩৪ জন সদস্যের মাঝে ঋণ বিতরণ করা হয়েছে ৫৮,৪২,০০০/- টাকা মর্মে সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত** :চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, হাকিমপুর কে অনুরোধ করা হলো এবং এ উপজেলার শাখা ব্যবস্থাপক জনাব মো: কবিরুল ইসলাম চৌধুরী আগামী ১০/০১/২০২৫ খ্রি: তারিখে অফিসে আসে নতুন করে দায়িত্ব গ্রহণ করবেন মর্মে জানা যায়। | শাখা ব্যবস্থাপক , উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৩ | উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশনের কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর ২০২৪ মাসে ঋণ আদায় হয়েছে প্রায় ৩৮,২৯,০০০/- টাকা এবং ডিসেম্বর ২০২৪ মাসে ঋন বিতরণ করা হয়েছে প্রায় ৩৪,৯৫,০০০/- টাকা তবে চলতি মাসে ঋণ আদায়ের হার প্রায় ৯৬% বলে সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।<br>তিনি এও জানান যে, উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশনের কর্মকর্তা আগামী ৩১/১২/২০২৪ খ্রি: তারিখে অবসর জনিত ছুটি (পিআরএল) যাবেন মর্মে সভায় অবহিত করেন। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশনের কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | ২নং বোয়ালদাড় ইউনিয়ন পরিষদ | প্যানেল চেয়ারম্যান ২নং বোয়ালদাড় ইউনিয়ন পরিষদ, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য প্যানেল চেয়ারম্যান ২নং বোয়ালদাড় ইউনিয়ন পরিষদ হাকিমপুরকে অনুরোধ করা হলো। | প্যানেল চেয়ারম্যান ২নং বোয়ালদাড় ইউনিয়ন পরিষদ |
| ৩৪. | নিলাম মূল্য | উপজেলা প্রকৌশলী ও সদস্য-সচিব, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, গৃহায়ন ও গণপুর্ত মন্ত্রণালয়, এর আওতায় উপজেলা পরিষদ কমপ্লেক্স চত্বরে হাকিমপুর উপজেলায় কোর্ট ভবনে পরিত্যক্ত জেল খানা/গোডাউন ঘরের মধ্যে কি কি পরিত্যক্ত মালামাল আছে সুষ্ঠুভাবে নিষ্পত্তির সিদ্ধান্ত নেওয়ার স্বার্থে তা আগামী মাসিক সভায় নিলাম মূল্য তালিকা উপস্থাপন করবেন বলে সভায় মতামত প্রদান করেন। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনান্তে গৃহায়ন ও গণপুর্ত মন্ত্রণালয়, এর আওতায় উপজেলা পরিষদ কমপ্লেক্স চত্বরে হাকিমপুর উপজেলায় কোর্ট ভবনে পরিত্যক্ত জেল খানা/গোডাউন ঘরের মধ্যে কি কি পরিত্যক্ত মালামাল আছে সুষ্ঠুভাবে নিষ্পত্তির সিদ্ধান্ত নেওয়ার স্বার্থে তা আগামী মাসিক সভায় নিলাম মূল্য তালিকা উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর |
| ৩৫. | বিবিধ | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা মসজিদের খতিব, ইমাম ও খদেমের সম্মানী ভাতা যে সমস্থ কর্মকর্তা ও কর্মচারীদের বাঁকী আছে। তাঁদেরকে আগামী ফেব্রুয়ারি-২০২৫ মাসের মধ্যে পরিশোধ করার জন্য সভায় অবিহত করেন। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা মসজিদের খতিব, ইমাম ও খদেমের সম্মানী ভাতা যে সমস্থ কর্মকর্তা ও কর্মচারীদের বাঁকী রেখেছেন, তাঁদেরকে আগামী ফেব্রুয়ারি-২০২৫ মাসের মধ্যে পরিশোধ করবেন মর্মে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/১২/২৪

(অমিত রায়)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা
হাকিমপুর, দিনাজপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
হাকিমপুর, দিনাজপুর
www.hakimpur.dinajpur.gov.bd

স্মারক নং- ৪৬.৫৫.২৭৪৭.০০০.০৫.০০১.১৯- ১৪৫(৫০)

তারিখঃ ২৬ ডিসেম্বর ২০২৪

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রংপুর
৩. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর
৪. জেলা প্রশাসক, দিনাজপুর
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. উপজেলা ...................................................কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর
২. চেয়ারম্যান..........................................(সকল) ইউ,পি, হাকিমপুর, দিনাজপুর

২৬/১২/২৪

উপজেলা নির্বাহী অফিসার
হাকিমপুর, দিনাজপুর
ফোন-০৫৩২৯-৭৫০০৩
e-mail-unohakimpur@mopa.gov.bd

## পরিশিষ্ট-"ক"

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্র: নং | নাম/পদবী | ক্র:নং | নাম/পদবী |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ১৮. | সহকারী প্রকৌশলী বিএমডিএ, হাকিমপুর |
| ২. | সহকারী কমিশনার (ভূমি), হাকিমপুর | ১৯. | |
| ৩. | প্রশাসক, হাকিমপুর পৌরসভা, হাকিমপুর, দিনাজপুর | ২০. | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, হাকিমপুর, দিনাজপুর |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, হাকিমপুর | ২১. | উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, হাকিমপুর |
| ৫. | উপজেলা কৃষি অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২২. | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ৬. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২৩. | উপজেলা সমবায় কর্মকর্তা, হাকিমপুর |
| ৭. | উপজেলা প্রকৌশলী, হাকিমপুর | ২৪. | উপজেলা পরিসংখ্যান, অফিসার, হাকিমপুর |
| ৮. | উপজেলা সমাজসেবা অফিসার, হাকিমপুর | ২৫. | উপজেলা বন কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর |
| ৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাকিমপুর | ২৬. | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |
| ১০. | অফিসার ইন-চার্জ, হাকিমপুর থানা, হাকিমপুর | ২৭. | চেয়ারম্যান ১নং খট্টামাধবপাড়া ইউনিয়ন পরিষদ |
| ১১. | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২৮. | চেয়ারম্যান ২নং বোয়ালদাড় ইউনিয়ন পরিষদ |
| ১২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হাকিমপুর | ২৯. | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার |
| ১৩. | উপজেলা আইসিটি অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ৩০. | |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাকিমপুর | ৩১. | |
| ১৫. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর | ৩২. | |
| ১৬. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাকিমপুর | ৩৩. | |

## পরিশিষ্ট-"খ"

**সভায় অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| ক্র: নং | নাম/পদবী | ক্র:নং | নাম/পদবী |
|---|---|---|---|
| ১. | উপজেলা মৎস্য অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ৪. | সহকারী সেটেলমেন্ট অফিসার, হাকিমপুর |
| ২. | তথ্য আপা কর্মকর্তা, হাকিমপুর | ৫. | সহকারী জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি-২ ইনচার্জ হিলি (হাকিমপুর) এরিয়া, হাকিমপুর |
| ৩. | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, হাকিমপুর, দিনাজপুর | ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |